

আল- শুকরিয়া ও দোয়া আপাত অসম্ভবকে সম্ভব করে। তাই আসুন আমরা দোয়ায় লীন হই।

বিমমিন্সাহির রাহমানির রাহীম

সকল প্রশংসা বিশ্ব জাহানের প্রতিপালক হে আল্লাহ তোমারই জন্যে। তুমি দয়াময়! মেহেরবান! প্রতিদান দিবসের মালিক! আমরা শুধু তোমারই ইবাদত করি- শুধু তোমারই সাহায্য চাই। প্রভু হে! বিভ্রান্ত ও অভিশপ্তদের অন্ধকার গহ্বর থেকে তুমি আমাদের রক্ষা কর। প্রভু হে! তোমার প্রিয়জনদের সহজ সরল আলোকিত পথে আমাদের পরিচালিত কর। আমিন!

০২. হে আমাদের প্রতিপালক! আমাদের দুনিয়ার কল্যাণ ও আখেরাতের কল্যাণ দান কর। আগুনের শাস্তি থেকে আমাদের রক্ষা কর।

০৩. হে আমাদের প্রতিপালক! আমরা ঈমান এনেছি! তুমি আমাদের ক্ষমা কর। তুমি আমাদের করুণা কর। তুমি করুণা নিধান।

০৪. হে আমাদের প্রতিপালক! সরল পথ প্রদর্শনের পর তুমি আমাদের অন্তরকে সকল প্রকার সংশয় ও বিভ্রান্তি থেকে মুক্ত রাখো। তোমার রহমতের ছায়ায় আমাদের রাখো। নিশ্চয়ই তুমি বেহিসাব দানকারী।

০৫. হে আমাদের প্রতিপালক! প্রতিদান দিবসে আমাকে, আমার মা-বাবাকে এবং সকল বিশ্বাসীকে তুমি ক্ষমা করে দিও।

০৬. প্রভু হে! আমাদের জ্ঞান দান কর।

০৭. হে আমার প্রতিপালক! আমার মা-বাবা শৈশবে যে মমতায় আমাকে লালন করেছেন, তুমিও তাদের ওপর সেরূপ করুণা বর্ষণ কর।

০৮. হে আমাদের প্রতিপালক! আমরা আমাদের নিজেদের ওপরই জুলুম করেছি। তুমি ক্ষমা না করলে, দয়া না করলে আমরা ধ্বংস হয়ে যাবো।

০৯. হে আমাদের প্রতিপালক! আমরা একজন আহ্বানকারীর আহ্বানে সাড়া দিয়ে তোমার প্রতি ঈমান এনেছি। অতএব তুমি আমাদের সকল গুনাহ মাফ কর। সকল দোষ-ত্রুটি মুক্ত কর এবং সৎকর্মশীলদের কাতারে আমাদের শেষ পরিণতি দাও।

১০. হে আমাদের প্রতিপালক! আমাদের সবর ও দৃঢ়তা দান কর। অবিশ্বাসীদের বিরুদ্ধে আমাদের সাহায্য কর।

১১. প্রভু হে! শয়তানের কু প্ররোচনা থেকে আমি তোমার আশ্রয় প্রার্থনা করছি। প্রভু হে! শয়তানকে আমার থেকে দূরে রাখো।

১২. হে পরওয়ারদিগার! আমাদের এবং বিশ্বাসী অগ্রণীদের ক্ষমা কর। বিশ্বাসীদের ব্যাপারে সকল প্রকার হিংসা-বিদ্বেষ থেকে আমাদের অন্তরকে মুক্ত রাখো।

১৩. আমি আশ্রয় গ্রহণ করছি প্রভাতের স্রষ্টার। আশ্রয় গ্রহণ করছি তার সৃষ্টির অনিষ্ট থেকে, রাতের অন্ধকারের অনিষ্ট থেকে, গ্রন্থিতে ফুৎকার দানকারী ডাইনিদের অনিষ্ট থেকে, হিংস্রকের হিংসার অনিষ্ট থেকে।

১৪. মানুষের অন্তরে গোপনে কুমন্ত্রণা দানকারী জিন ও মানুষের কুমন্ত্রণার অনিষ্ট থেকে মানুষের অধিপতি মানুষের উপাস্য মানুষের প্রতিপালকের নিকট আমি আশ্রয় গ্রহণ করছি।

১৫. তুমি ছাড়া কোনো উপাস্য নাই। তুমি মহাপবিত্র! আমি পাপী! আমায় ক্ষমা কর।

১৬. হে আমাদের প্রতিপালক! তুমি আমাদের এ কাজ কবুল কর! নিশ্চয়ই তুমি সব শোনো! সব জানো!

১৭. প্রভু হে! আমাকে প্রজ্ঞা দান কর এবং সৎকর্মশীলদের সাথে সজ্জবদ্ধ কর।

১৮. প্রভু হে! আমাকে জালিমদের হাত থেকে রক্ষা কর।

১৯. হে আমার প্রতিপালক! তুমি আমাকে ও আমার সন্তানদেরকে নামাজ কয়েমকারী হিসেবে প্রতিষ্ঠিত কর। প্রভু হে! আমাদের দোয়া কবুল কর।

২০. হে আমার প্রতিপালক! দুনিয়া ও আখেরাতের মালিক! আমাকে সমর্পিত ও সৎকর্মশীলদের সাথে সজ্জবদ্ধ মানুষ হিসেবে মৃত্যু দান কর!

২১. হে আমাদের প্রতিপালক! আমাদের পাপ মোচন কর। সকল বাড়াবাড়ির জন্যে আমাদের ক্ষমা কর। বিশ্বাসে দৃঢ় রাখো। অবিশ্বাসের বিরুদ্ধে বিজয়ে আমাদের সাহায্য কর।

২২. প্রভু হে! আমাদের জালেমের হাতে নিগৃহীত করো না। প্রভু হে! দয়া কর। জালেমের জুলুম থেকে আমাদের মুক্তি দাও!

২৩. প্রভু হে! আমি অসহায়! তুমি এর প্রতিবিধান কর!

২৪. হে আমাদের প্রতিপালক! আমাদের যদি ভুল বা ত্রুটি হয় সেজন্যে আমাদের পাকড়াও করো না। প্রভু হে! আমাদের পূর্বসূরিদের ওপর যেরূপ গুরুভার অর্পণ করেছিলেন, আমাদের ওপর তেমন ভার চাপিয়ে দিও না। প্রভু হে! আমাদের ওপর সাধ্যাতীত কোনো দায়িত্ব দিও না। আমাদের ক্ষমা কর। দয়া কর। তুমিই আমাদের প্রভু! অবিশ্বাসীদের বিরুদ্ধে আমাদের সাহায্য কর।

২৫. হে আমাদের প্রতিপালক! তুমি যা নাজিল করেছো তা আমরা মেনে নিয়েছি এবং তোমার রসূলের অনুসরণ করছি। অতএব সত্যের সাক্ষীর তালিকায় আমাদের নাম অন্তর্ভুক্ত কর।

২৬. আল্লাহর নামেই এর গতি ও স্থিতি। নিশ্চয়ই আমার প্রতিপালক দয়াময় ক্ষমাশীল।

২৭. প্রভু হে! আমাকে সৎকর্মশীল পুত্র সন্তান দান কর।

২৮. প্রভু হে! আমার হৃদয় প্রশস্ত করে দাও। আমার কাজকে সহজ করে দাও। আমার কণ্ঠের জড়তা দূর করে দাও যেন সবাই আমার কথা বুঝতে পারে।

২৯. হে আমাদের প্রতিপালক! আমাদের ধৈর্য দাও। বিশ্বাসে দৃঢ়তা দাও! আমাদের সমর্পিতের মৃত্যু দান কর।

৩০. রোগ-যন্ত্রণা, দুঃখ-কষ্টে আমি জর্জরিত। প্রভু হে! দয়া কর! তুমিই পরম করুণাময়।

৩১. হে আমাদের প্রতিপালক! আমরা তোমারই ওপর ভরসা করেছি, তোমারই দিকে তাকিয়ে আছি এবং শেষ পর্যন্ত তোমার কাছেই আমরা ফিরে আসবো। প্রভু হে! আমরা যেন অবিশ্বাসীদের নিপীড়নের শিকার না হই। আমাদের সকল অপরাধ ক্ষমা কর। তুমি প্রজ্ঞাময় মহা পরাক্রমশালী।

৩২. আমার সালাত, আমার কোরবানি, আমার জীবন, আমার মরণ- আমার সবকিছুই মহাবিশ্বের প্রতিপালক আল্লাহরই জন্যে। তিনি একক ও অদ্বিতীয়। এ আদেশই আমি পেয়েছি। আমি সমর্পিতদের মধ্যে প্রথম।

৩৩. হে আল্লাহ! তুমি আমাদের রক্ষক! তুমি আমাদের ক্ষমা কর! দয়া কর! তুমিই সর্বোত্তম ক্ষমাকারী।

৩৪. হে আল্লাহ! আমরা তোমার নির্দেশ শুনেছি এবং মেনে নিয়েছি। আমরা তোমারই কাছে ক্ষমা চাচ্ছি। শেষ পর্যন্ত আমরা তোমারই কাছে ফিরে যাবো।

৩৫. প্রভু হে! আমাদের স্ত্রী ও সন্তানদের আমাদের তৃপ্তি ও আনন্দের উৎসে পরিণত কর এবং আমাদের (মুত্তাকী) সত্য সচেতনদের আদর্শে পরিণত কর।

৩৬. হে আমার প্রতিপালক! তুমি আমার ও আমার মা-বাবার প্রতি যে অনুগ্রহ করেছে সেজন্যে শোকরগোজার হওয়ার তওফিক আমাকে দাও। তোমাকে খুশি করার মতো সৎকর্ম করার শক্তি আমাকে দাও। প্রভু হে! অনুগ্রহ করে তোমার সৎকর্মশীল বান্দাদের মধ্যে আমাকে অন্তর্ভুক্ত কর।

৩৭. হে আল্লাহ! সকল ক্ষমতার মালিক! তুমি যাকে ইচ্ছা ক্ষমতা দান কর। যাকে ইচ্ছা ক্ষমতাচ্যুত কর। যাকে ইচ্ছা সম্মানিত কর। যাকে ইচ্ছা অপমানিত কর। তুমি সর্বশক্তিমান! সকল কল্যাণ ও মঙ্গলের আধার। তুমি দিনের আলোকে কর অন্ধকারে লীন। আর রাতের নিকষ আঁধার ভেদ করে আনো সোনালি সকাল। তুমি প্রাণহীনকে দাও প্রাণ আর প্রাণবন্তকে কর প্রাণহীন। তুমি যাকে চাও বেহিসাব রিজিক দান কর।

কোয়ান্টাম ফাউন্ডেশন
Quantum Foundation

কেন্দ্রীয় দফতর : ১১৯/পি শান্তিনগর, ঢাকা-১২১৭।
ফোন : ৯৩৪১৪৪১, ৮৩১৯৩৭৭, ০১৭১১-৬৭১৮৫৮
চট্টগ্রাম : ০৩১-৬৫৩৬৮৮, ০১৭১১-৩৯৩০১০
সিলেট : ০৮২১-৭১৬১২, ০১৭১১-২৮০৬৫২
রাজশাহী : ০৭২১-৭৭১৫৫০, ০১৭১১-১০৪২৮৯
মিরপুর : ৮০৬১০৭৫, ০১৭১৭-১৪৪৭২৪
লামা সেন্টার : ০১৭১৪-০৯৪২৭১, ০৪৪৩৪-৪৯৩৯৮৮
E-Mail : info@quantummethod.org.bd
Web Site : www.quantummethod.org

কোরআন কণিকা-৩

দোয়া

(মর্মবাণী)